

খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৩)

স্মারক নং: খুবি/প্রশা-৫-নি-১৯/৯১-১১৫৬

তারিখ: ১৪/০৫/২০১৯খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্ন বর্ণিত কর্মকর্তা শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

ক্রমিক নং	পদের নাম	জাতীয় বেতন স্কেল'২০১৫	শূন্যপদের সংখ্যা
০১	সহকারী প্রকৌশলী (সিভিল) (হেড-০৯)	২২,০০০-৫৩,০৬০/-	০২ টি

আবেদনের শর্তাবলী

- ১। অত্র বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরম পূরণ করে নিম্নস্বাক্ষরকারী বরাবর ১০ (দশ) সেট আবেদন পত্র প্রেরণ করতে হবে।
- ২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- ৩। কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৪। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।
- ৫। প্রতি সেট আবেদনপত্রের সংগে নিম্নলিখিত কাগজ-পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-
ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি
খ) নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র ও কম্পিউটার সনদের সত্যায়িত কপি
গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)
ঘ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার উপর, রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-এর অনুকূলে ৬০০/- (ছয়শত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জমা দিতে হবে।
- ৬। সকল পদের প্রয়োজনীয় নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী ও আবেদন পত্রের জন্য নির্ধারিত ফরম খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<http://ku.ac.bd/career/>) থেকে সংগ্রহ করতে হবে।
- ৭। আবেদনপত্র আগামী ১৫/০৫/২০১৯ থেকে ৩০/০৫/২০১৯ খ্রি. তারিখ বিকাল ০৩.৩০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে (সরাসরি অথবা ডাকযোগে)।
- ৮। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৯। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ ডি.এ. প্রদান করা হবে না।


(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

